

# কুবির আরো ২ বিভাগে র্যাগিং তদন্তে পৃথক কমিটি

কুবি প্রতিনিধি



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) মার্কেটিং বিভাগের পর এবার নৃবিজ্ঞান ও বাংলা বিভাগের নবীন শিক্ষার্থীদের র্যাগিংয়ের ঘটনায় পৃথক তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত অভিযুক্ত ২০২৩-২৪ শিক্ষাবর্ষের দুই বিভাগের সব ক্লাস-পরীক্ষা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন।

সোমবার (৭ জুলাই) বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মো. আবদুল হাকিম।

জানা যায়, নৃবিজ্ঞান বিভাগের র‍্যাগিংয়ের ঘটনায় তদন্ত কমিটির আহ্বায়ক হিসেবে আছেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ সোহরাব উদ্দীন এবং সদস্যসচিব হিসেবে আছেন ডেপুটি রেজিস্ট্রার বিপ্লব মজুমদার।

বাকি দুজন সদস্য হলেন নৃবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক হাসেনা বেগম এবং সহকারী প্রক্টর মাহমুদুল হাসান।

বাংলা বিভাগের র‍্যাগিংয়ের ঘটনায় তদন্ত কমিটির আহ্বায়ক হিসেবে আছেন কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. বনানী বিশ্বাস এবং সদস্যসচিব হিসেবে আছেন সহকারী রেজিস্ট্রার মো. মনিরুজ্জামান। বাকি দুই সদস্য হলেন বাংলা বিভাগের অধ্যাপক ড. মো. মোকাদ্দেস-উল-ইসলাম এবং সহকারী প্রক্টর ড. মুতাসিম বিল্লাহ।

প্রক্টর অধ্যাপক ড. মো. আবদুল হাকিম বলেন, ‘আমরা তদন্ত কমিটির অনুমোদনের জন্য রেজিস্ট্রার দপ্তরে সুপারিশ পাঠিয়েছি।

উপাচার্য এবং উপ-উপাচার্য স্বাক্ষর করলে এই কমিটি কার্যক্রমের জন্য অনুমোদন হবে। অনুমোদনের সাত কার্যদিবসের মধ্যে কমিটি তদন্ত রিপোর্ট প্রদান করবে। এই সাত দিন অভিযুক্ত ব্যাচের

শিক্ষার্থীদের সব ধরনের একাডেমিক কার্যক্রম বন্ধ থাকবে।’

গত ৫ জুলাই রাতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের এক নবীন শিক্ষার্থী তার বিভাগের ইমিডিয়েট সিনিয়রদের (২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী) দ্বারা র্যাগিংয়ের শিকার হয়ে ক্যাম্পাস ছেড়ে যাওয়া একটি স্ক্রিনশট সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়।

ভুক্তভোগী ও তার সহপাঠীদের দেওয়া তথ্য অনুযায়ী র্যাগিংয়ে অভিযুক্তরা হলেন মুনতাসীর,  
ওলিউল্লাহ, তিশামনি, অরবিন্দু সরকার, রাফি ও হাসান।

এ ছাড়া বাংলা বিভাগের নবীন শিক্ষার্থীদেরকে (২০২৪-২৫ শিক্ষাবর্ষ) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ার ছাদে নিয়ে র্যাগিংয়ের সময় প্রক্টরিয়াল বডি'র সদস্যরা উপস্থিত হন। পরবর্তী ভুক্তভোগী ব্যাচ এবং অভিযুক্ত ব্যাচের শিক্ষার্থীরা বিষয়টি অস্বীকার করে।

এর আগে, মার্কেটিং বিভাগে নবীন শিক্ষার্থীদের র্যাগিংয়ের ঘটনায় অভিযুক্ত বিভাগ ২০২৩-২৪ বর্ষের শিক্ষার্থীদের ক্লাস-পরীক্ষা বন্ধ ঘোষণা করা হয় এবং ঘটনা তদন্তে চার সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।